দৈনিক বাংলা

তারিখ 19 SEP 1988
পৃষ্ঠা ৭ কলাম ৬

# সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা হবে : নিতাই রায়

শিক্ষা প্রতিমন্ত্রী জনাব নিতাই রায় চৌধুরী বলেছেন, প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের নেতৃত্বে বর্তমান সরকার অন্ন, বস্ত্র, বাসস্থান ইত্যাদি মৌলিক সমস্যা সমাধানের সাথে সাথে এদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। খবর বিজ্ঞপ্তির।

তিনি গত শনিবার ঢাকার জাতীয় শিক্ষা প্রশাসন ও গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ ইউনেস্কো কমিশনের যৌথ উদ্যোগে আয়োজিত "বাংলাদেশের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা" সম্পর্কিত গবেষণা বিষয়ক ৫ দিনব্যাপী এক জাতীয় কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, আমাদের সকল শিক্ষায় জাতীয় কৃষ্টি ও সংস্কৃতির প্রতিফলন থাকতে হবে এবং শিক্ষাক্ষেত্রে নিয়োজিত গবেষকদের এদিকে নজর দিতে হবে।